

ফিলাডেলফিয়া অভিবাসীদের জন্য রিসোর্স

সিটি অব ফিলাডেলফিয়া এর সকল বাসিন্দাদের সহায়তা করে থাকে। বেশিরভাগ নগর পরিষেবা নাগরিকত্ব বা অভিবাসন স্ট্যাটাস নির্বিশেষে সবার জন্যই উপলব্ধ। নগর কর্মচারীরা তাদের সংস্পর্শে আসা লোকজনের স্ট্যাটাস সম্পর্কে জিজ্ঞাসাবাদ করে না।

মিউনিসিপ্যাল আইডি

মিউনিসিপ্যাল আইডি হলো এক ধরনের পরিচিতি যা ফিলাডেলফিয়ার সকল বাসিন্দা ব্যবহার করতে পারে। একটি আইডি পেতে আপনাকে অবশ্যই আপনার পরিচয় এবং ফিলাডেলফিয়াতে বসবাসের প্রমাণ দেখাতে হবে। আইডি সংগ্রহের সময়, সিটি অভিবাসন বা নাগরিকত্বের স্ট্যাটাস সম্পর্কে জানতে চাইবে না। সিটি পুরোপুরি আইন মেনে মিউনিসিপ্যাল আইডি-র তথ্যও সুরক্ষিত রাখবে।
মিউনিসিপ্যাল আইডি প্রোগ্রামটি 2019 সালের বসন্তে চালু হবে।

শিক্ষা ও শিশু-পরিচর্যা

3 বা 4 বছর বয়সী শিশুরা PHL Pre-K-এর উপযুক্ত। philprek.org থেকে আরও জানুন। সকল বাসিন্দার জন্য 5 বছর বয়সে সরকারি স্কুলে পড়াশুনা থেকে স্নাতক পর্যন্ত বা 21 বছর বয়স অবধি স্কুল বছরের শেষ পর্যন্ত সরকারি স্কুলে পড়ার অধিকার রয়েছে। ইংরেজি শিক্ষার্থীদের জন্য ক্লাস উপলব্ধ রয়েছে। সহায়তা পেতে তালিকাভুক্তির জন্য ভিজিট করুন philasd.org/studentplacement।

জন-নিরাপত্তা

সিটি অব ফিলাডেলফিয়া ফেডারেল অভিবাসন প্রয়োগ পরিচালনা করে না। ফিলাডেলফিয়া পুলিশ অপরাধের শিকার এবং সাক্ষীসহ তারা যেসব ব্যক্তির সংস্পর্শে আসে তাদের অভিবাসন বা নাগরিকত্বের স্ট্যাটাস সম্পর্কে জিজ্ঞাসাবাদ করে না। ঘণামূলক অপরাধের শিকার হয়ে থাকতে পারে বলে মনে করে এমন যে কারো উচিত ফিলাডেলফিয়া পুলিশ বিভাগের সাথে যোগাযোগ করা।
আপনি www.phillypolice.com/districts/ থেকে আপনার লোকাল পুলিশ ডিস্ট্রিক্ট খুঁজে পেতে পারেন।

নাগরিকত্ব

আমেরিকান নাগরিক হওয়া অনেক সুবিধা প্রদান করে, যার মধ্যে রয়েছে ভ্রমণের ক্ষেত্রে বর্ধিত প্রবেশাধিকার, সরকারি চাকরিতে প্রবেশাধিকার এবং ভোটাধিকার। নাগরিক হওয়ার বিষয়ে আপনি আমাদের ওয়েবসাইট থেকে আরও জানতে পারেন: <https://bit.ly/2GANapl>

ল্যাঙ্গুয়েজ অ্যাক্সেস

অভিবাসী বিষয়ক অফিস সিটি-র ল্যাঙ্গুয়েজ অ্যাক্সেস প্রোগ্রাম, ল্যাঙ্গুয়েজ অ্যাক্সেস ফিলি পরিচালনা করে যা এমন ব্যক্তিদের জন্য বিনামূল্যে অনুবাদ পরিষেবা প্রদান করে যাদের ইংরেজি পড়ার, ইংরেজিতে কথা বলার, লেখার বা বোঝার ক্ষমতা সীমিত। যে কোনও সিটি এজেন্সি থেকে

সাহায্য বা তথ্য পেতে, 3-7-7 ডায়াল করুন এবং অপারেটরকে আপনার প্রয়োজনীয় ভাষার কথা জানান। আরও তথ্যের জন্য, ভিজিট করুন

www.phila.gov/programs/language-access-philly

অভিবাসন সহায়তা

আমাদের অনেক অংশীদারদের যে কারো মাধ্যমে বিনামূল্যে, নিরাপদ অভিবাসন সহায়তা পাওয়া যাবে। গ্রাহকদের থেকে সুবিধা নিয়ে থাকে এমন লাইসেন্সবিহীন অভিবাসন পরিষেবা প্রদানকারীদের থেকে সাবধান থাকুন। শুধুমাত্র কোনও বিশ্বস্ত, লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি বা স্বীকৃত প্রতিনিধির কাছ থেকে সহায়তা নিন।

বৈষম্য থেকে সুরক্ষা

ফিলাডেলফিয়াবাসীদের জন্য কর্মক্ষেত্র, আবাসন এবং জনপরিসরে বেআইনি বৈষম্য, প্রতিহিংসা এবং হয়রানি থেকে মুক্ত থাকার অধিকার রয়েছে।
কর্মক্ষেত্র, সম্পত্তি বা সাধারণ বাসস্থান সম্পর্কিত কোনো লঙ্ঘনের অভিযোগ দায়ের করতে, ফিলাডেলফিয়া কমিশন অন হিউম্যান রিলেশনস (PCHR)-এর সাথে pchr@phila.gov ঠিকানায় যোগাযোগ করুন অথবা 215-686-2856 নম্বরে পরিচয় গোপন রেখে হটলাইনে কল করুন।

স্বাস্থ্যসেবা

সকল সরকারি হাসপাতাল এবং সিটি হেলথ সেন্টার-এ সবার জন্য স্বল্প খরচে জরুরি এবং অ-জরুরি স্বাস্থ্যসেবা উপলব্ধ। ফিলাডেলফিয়ার আচরণগত স্বাস্থ্য বিভাগ চিকিৎসা, সামাজিক এবং শিক্ষাগত পরিষেবার প্রয়োজন এমন প্রাপ্তবয়স্ক ও শিশুদের জন্য মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রদান করে থাকে। এই পরিষেবা নেটওয়ার্কের মধ্যে রয়েছে 11 টি কমিউনিটি মানসিক স্বাস্থ্য কেন্দ্র, 30+ বিশেষায়িত আচরণগত স্বাস্থ্য সংস্থা এবং 5 টি আপৎকালীন সাড়াদান কেন্দ্র।

0 থেকে 13 বছর বয়সী শিশু রয়েছে এমন নিম্ন-আয়ের পরিবারগুলি বিনামূল্যে বা স্বল্প খরচে শিশু-পরিচর্যা সুবিধা পেতে পারে: <https://bit.ly/2V9u62L>

দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি

ফিলাডেলফিয়ার বাসিন্দাদের জন্য বিনামূল্যে বা কম খরচে অনেক ESL ক্লাস উপলব্ধ রয়েছে। আপনার নিকটস্থ কোনো প্রোভাইডার খুঁজতে এই ইন্টারঅ্যাকটিভ ম্যাপটি ব্যবহার করুন: <https://bit.ly/2sqvbd>

আমাদের সাথে যোগাযোগ করুন

আপনার কি কোনো প্রশ্ন/উদ্বেগ আছে? 215-686-0876 বা

OIA@phila.gov ঠিকানায় অভিবাসন বিষয়ক অফিসে
যোগাযোগ করুন

আমাদেরকে ফেসবুক ও টুইটারে অনুসরণ করুন
[@PhillyOIA](#)